

২০১৮ সাল থেকে প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণি পর্যন্ত করার পরিকল্পনা

■ বিশেষ প্রতিনিধি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার বলেছেন, ২০১৮ সাল থেকে প্রাথমিক শিক্ষাকে অষ্টম শ্রেণি পর্যন্ত সম্প্রসারণের পরিকল্পনা নিয়েছে সরকার। সে লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। গতকাল সোমবার জাতীয় সংসদে প্রায়োক্তর পর্বে তিনি সংসদকে এ সংস্থা জানান।

সরকারি দলের সংসদ সদস্য মনমোহন বেগমের প্রশ্নের জবাবে গণশিক্ষা মন্ত্রী জানান, শিক্ষানীতি ২০১০ এর অংশ হিসাবে প্রাথমিক শিক্ষার স্তর পর্যায়ক্রমে ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণিতে উন্নতীকরণের জন্য ২০১৩ সালে ৪৯১টি প্রাথমিক বিদ্যালয় ৬ষ্ঠ শ্রেণি চালু করা হয়েছে। ওইসব বিদ্যালয়কে বর্তমানে ৮ম শ্রেণিতে উন্নীত করা হয়েছে। ২০১৪ শিক্ষাবর্ষে আরও ১৭৫টি প্রাথমিক বিদ্যালয়কে ৬ষ্ঠ শ্রেণিতে উন্নীত করা হয়েছে। ২০১৮ সাল নাগাদ প্রাথমিক শিক্ষাকে ৮ম শ্রেণি পর্যন্ত সম্প্রসারণ করতে, সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করছে। আর এ লক্ষ্যে ৬ষ্ঠ শ্রেণি চালুকৃত বিদ্যালয়গুলোর অবকাঠামোগত উন্নয়ন, ৬ষ্ঠ শ্রেণি চালুকৃত বিদ্যালয়গুলোতে শিক্ষক নিয়োগ না করা পর্যন্ত দুইজন বিএড ডিপ্রিথারী শিক্ষক সংযুক্তি বা পদায়নের ব্যবস্থা গ্রহণ এবং ৬ষ্ঠ শ্রেণি চালুকৃত বিদ্যালয়গুলোতে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণের বিষয়ে পদক্ষেপ নেয়া হচ্ছে।

তিনি জানান, দেশের ছিন্নমূল, শ্রমজীবী শিশু-কিশোরদের পেখাগত দক্ষতার জন্য কারিগরি শিক্ষা ও পুনর্বাসনে ১৯৮৯ সালে ৭৬টি শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে শিশু কল্যাণ ট্রাস্টের কাজ শুরু হয়েছে।